

**Schools: Retain this completed form for your records**

M.F. বহিরাগত মনিটরের দ্বারা সেকশন 504 টিম মিটিং পর্যবেক্ষণের সম্মতি

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) 2023-এর স্প্রিং (বসন্ত)-এ DOE পাবলিক স্কুলগুলোতে ডায়াবেটিস-বিষয়ক যত্ন এবং পরিষেবাসমূহ সম্পর্কে একটি মামলার সুরাহা করতে একটি নিষ্পত্তি চুক্তিতে আবদ্ধ হয়েছে। এই কেসটি (M.F., et al. v. DOE, et al.) সম্পর্কে আরো তথ্য DOE ওয়েবসাইটে এখানে লভ্য:

<https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/staying-healthy/diabetes>

নিষ্পত্তি চুক্তির অংশ হিসেবে, একজন বহিরাগত মনিটর যেসব DOE K-12 শিক্ষার্থীর ডায়াবেটিস আছে তাদের জন্য সেকশন 504 প্রক্রিয়া কেমন কাজ করছে তা দেখার জন্য বেশ কিছু সেকশন 504 টিম মিটিং পর্যবেক্ষণ করবেন। তিনি শুধু শুনবেন এবং পর্যবেক্ষণ করবেন, তিনি মিটিংয়ের একজন সক্রিয় অংশগ্রহণকারী হবেন না। শিক্ষার্থী এবং তাদের পরিবারের জন্য কীভাবে সেকশন 504 প্রক্রিয়া উন্নত করা যেতে পারে, তার উপর DOE-কে মতামত প্রদানের জন্য তিনি তার পর্যবেক্ষণগুলো ব্যবহার করবেন।

বহিরাগত মনিটর এবং/অথবা তার টিমের একজন সদস্যকে আপনার সন্তানের 504 টিম মিটিংয়ে যোগদান করায় আপনি যদি সম্মতি দেন তবে অনুগ্রহ করে এই ফর্মটি সম্পূর্ণ করুন। DOE সম্মতি (কনসেন্ট) ফর্মগুলো 15 অগাস্ট, 2026, অথবা শর্ত মোতাবেক নির্ধারিত সময় পর্যন্ত ফাইলে রাখবে। তবে যাই হোক, আপনার সন্তানের স্কুলের সেকশন 504 কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করে আপনি যেকোনো সময় সম্মতি প্রত্যাহার করতে পারেন।

আমি, \_\_\_\_\_ (পিতামাতা/অভিভাবক, অথবা শিক্ষার্থী (স্বনির্ভর নাবালক অথবা 18 বছর বা তদূর্ধ্ব বয়সী হয়ে থাকলে)), আমার/আমার সন্তানের 504 টিম মিটিং-এ বহিরাগত মনিটর/ভারপ্রাপ্ত ব্যক্তির যোগদানে সম্মতি দিচ্ছি।

আমি বুঝতে পারছি যে বহিরাগত মনিটর/ভারপ্রাপ্ত ব্যক্তি DOE-এর M.F. নিষ্পত্তি চুক্তি মেনে চলা মূল্যায়নের উদ্দেশ্যে আমার/আমার সন্তানের ডায়াবেটিসজনিত বিশেষ সুবিধা ব্যবস্থা এবং স্বাস্থ্য পরিষেবাসমূহ সম্পর্কে তথ্য জানবেন।

শিক্ষার্থীর নাম: \_\_\_\_\_

স্কুল: \_\_\_\_\_

OSIS নম্বর: \_\_\_\_\_

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর: \_\_\_\_\_ তারিখ: \_\_\_\_\_

শিক্ষার্থীর স্বাক্ষর (যদি স্বনির্ভর নাবালক অথবা 18 বা তদূর্ধ্ব বয়সী হয়): \_\_\_\_\_ তারিখ: \_\_\_\_\_